কালীগঞ্জে আগুনে পুড়ল ১২ বিঘা পানের বরজ

ঝিনাইদহ – ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় প্রায় ১২ বিঘা জমির পানের বরজ আগুনে পুড়ে গেছে। আগুনে বরজ পুড়তে দেখে ক্ষতিগ্রস্থরা মাঠের মধ্যেই আহাজারি করতে থাকেন। ওই আগুনে ৭ জন পান চাষীর প্রায় কোটি টাকার স্বপ্ন পুুড়ে ছাই হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে মোস্তবাপুর সম্মিলিত মাধ্যমিক বিদ্যালয়ে পাশের পানের বরজে আগুন লাগে। এলাকাবাসী ও ফায়ার সার্ভিসের একটি ইউনটি আগুন নিয়ন্ত্রণে আনে।

ক্ষতিগ্রস্তরা চাষিরা হলেন- উপজেলার নিয়ামতপুর ইউনিয়নের মোস্তবাপুর গ্রামের হারুন গাজির ছেলে আমজেদ আলী, আমজেদ আলীর ছেলে গফফার আলী, আমজেদ আলীর ছেলে হান্নান, নওয়াব আলীর ছেলে আরিফ, আকরাম হোসেনের ছেলে আশরাফুল, হারুন গাজির ছেলে আনসার গাজি ও বজলুর রহমানের ছেলে শিমুল হোসেন।

স্থানীয়রা জানান, সকাল সাড়ে ১০ টার দিকে হঠাৎ করেই মোস্তবাপুর সম্মিলিত মাধ্যমিক বিদ্যালয়ে পাশেই মাঠের পানের বরজে আগুন দেখতে পায়। মুহূর্তের মধ্যেই তা আশপাশের বরজেও ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে আসে। ফায়ার সার্ভিস কর্মীদের ঘন্টাব্যাপী চেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে। এরমধ্যে ৭ জন চাষীর প্রায় ১২ বিঘা জমির পান বরজ পুড়ে গেছে। কীভাবে আগুন লেগেছে তা কেউই জানেন না।

ক্ষতিগ্রস্ত কৃষক আমজেদ আলি বলেন, “আমরা শেষ হয়ে গেছি। কীভাবে আগুন লেগেছে কেউ বলতে পরছেন না। আগুনে বরজ এমনভাবে পুড়েছে যে কোনো কিছুই অবশষ্টি নেই। বরজে সব ধরন্ত পান ছিল। সব বরজ নতুন করে তৈরি করতে হবে।”

কালিগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার রবিউল ইসলাম বলেন, “খবর পেয়ে ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছি। আগুনের সূত্রপাত জানা যায়নি।”

খাইরুল ইসলাম নিরব